

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৮৬

আগরতলা, ২০ নভেম্বর, ২০২৪

এমবিবি বিমানবন্দরে শহীদ শুভঙ্কর  
ভৌমিকের মরদেহে রাজ্যপালের শুদ্ধা



সিয়াচিন সীমান্তে শহীদ ভারতীয় সেনাবাহিনীর নায়েক শুভঙ্কর ভৌমিকের  
মরদেহ আজ সন্ধ্যায় এমবিবি বিমানবন্দরে এসে পৌছালে রাজ্যপাল ইন্দ্রসেনা  
রেডি নাম্বু শহীদ শুভঙ্কর ভৌমিকের মরদেহে পুষ্পস্তবক অর্পণ করে শুদ্ধা জানান।  
রাজ্যপাল শহীদ শুভঙ্কর ভৌমিকের শোকসন্ত্বপ্ত পরিবার পরিজনদের প্রতি  
সমবেদনা জানান। সংবাদমাধ্যমের সাথে কথা বলার সময় রাজ্যপাল জানান,  
সিয়াচিন সীমান্তে কর্তব্যরত অবস্থায় ভারতীয় সেনাবাহিনীর নায়েক শুভঙ্কর  
ভৌমিক শহীদ হয়েছেন। তাছাড়াও শহীদ শুভঙ্কর ভৌমিকের মরদেহে পুষ্পস্তবক  
অর্পণ করে শুদ্ধা জানান ত্রিপুরা পুলিশের ডিআইজি মানচক ইঞ্চার, পশ্চিম ত্রিপুরা  
জেলার পুলিশ সুপার ড. কিরণ কুমার কে, সেনাবাহিনীর আধিকারিকগণ।  
রাজ্যবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*